R N No 2532/57

Regd. No. WB/MSD—4

টেলিফোন : ৩৪-১৫৫২
রিপ্রোডাকশন
সিন্ডিকেট
৭-১, বিধান সরণী, কলিকাতা-৬

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

প্রতিষ্ঠাতা—স্বর্গত শরৎচন্দ্র পণ্ডিত (দাদাঠাকুর)

সরকার কর্তৃক নিয়ন্ত্রিত মূল্যে
সিমেন্টের জন্য
যোগাযোগ করুন
পঃ বঃ সরকার অনুমোদিত ডিলার
এস, কে, রায়
হার্ডওয়ার ষ্টোর্স
রঘুনাথগঞ্জ—মুর্শিদাবাদ
ফোন নং—৪

৬৬শ বর্ষ
১৬শ সংখ্যা

রঘুনাথগঞ্জ, ১২ই ভাদ্র বুধবার, ১৩৮৬ সাল।
২৯শে আগষ্ট, ১৯৭৯ সাল।

নগদ মূল্য : ২০ পয়সা
বার্ষিক ৯৲, সডাক ১০৲

## পঞ্চায়েত যাকে বলবে পুলিশ তাকে ধরে আনবে : এস পি

উদ্দেশ্যে ২২ আগষ্ট বিকেলে রঘুনাথগঞ্জ থানা
বিশেষ প্রতিনিধি : গ্রামের আইন-শৃঙ্খলা পরিস্থিতি পর্যালোচনার উদ্দেশ্যে ২২ আগষ্ট বিকেলে রঘুনাথগঞ্জ থানা
ভবনে আহূত এক সভায় মুর্শিদাবাদের পুলিশ সুপার সুলতান সিং পঞ্চায়েত সমিতির সভাপতি, গ্রাম পঞ্চায়েত প্রধান,
এম এল এ, পুরসভার কমিশনার এবং সাংবাদিকদের সঙ্গে মিলিত হন। চুরি-ডাকাতি, খুন-খারাপি ইত্যাদি প্রতিরোধে
পুলিশ কোন কাজ করছে কিনা, তা যাচাই করাই ছিল এই সভার প্রধান উদ্দেশ্য। এ ব্যাপারে কয়েকটি ক্ষেত্রে
পুলিশ নিষ্ক্রিয় ভূমিকা পালন করেছে—কোন কোন পঞ্চায়েত প্রধানের অভিযোগের উত্তরে পুলিশ সুপার বলেন,
'চোর-ডাকাতের দয়ায় আমরা (পুলিশ) আছি, আমাদের দয়ায় ওরা নাই। সমৃদ্ধি বৃদ্ধির সঙ্গে সঙ্গে এই সব অপরাধ
বাড়বে।' চাষ করেও বর্গাদার ধান পাননি, কয়েকটি গ্রামে কয়েকজন বর্গাদার উচ্ছেদ হয়েছেন, পুলিশকে জানিয়েও
কোন ফল হয়নি—পঞ্চায়েত সমিতির সভাপতি এবং প্রধানদের এই অভিযোগের উত্তরে পুলিশ সুপার বলেন, 'বর্গাদার
সংক্রান্ত যে কোন ঘটনায় পঞ্চায়েত যাকে বলবে, পুলিশ তাকে ধরে আনবে। আইনে এই বিধান আছে।' তিনি
বলেন, 'কার্যপ্রণালীর পার্থক্য ছাড়া রেকরডেড এবং আনরেকরডেড বর্গাদারের মধ্যে কোন তফাৎ নাই। রেকরডেড
বর্গাদারের অভিযোগ পুলিশ সঙ্গে সঙ্গে শোনে, আনরেকরডেড বর্গাদারের দেরীতে। জরিমানা বাদে ছোটখাটো
গণ্ডগোল পঞ্চায়েত মিটিয়ে নিতে পারেন।

(শেষ পৃষ্ঠায় দ্রষ্টব্য)

## জঙ্গিপুর পুরসভার নির্বাচিত পর্ষৎ ক্ষমতাচ্যুত, মনোনীত কমিটি নিয়োগ

নিজস্ব সংবাদদাতা : পশ্চিমবঙ্গের রাজ্যপাল জঙ্গিপুর পুরসভার, প্রায়
এক যুগ আগে নির্বাচিত, পর্ষৎকে ক্ষমতাচ্যুত করে একটি মনোনীত কমিটি
নিয়োগ করেছেন। রাজ্যপাল কমিটির দু'জন সদস্য—মৃগাঙ্ক ভট্টাচার্য ও
নিমাই সেনগুপ্তকে সভাপতি ও সহ-সভাপতি নিয়োগ করেছেন। মৃগাঙ্ক
ভট্টাচার্য সি পি এম-এর জঙ্গিপুর লোকাল কমিটির সম্পাদক এবং নিমাই
সেনগুপ্ত সি পি এম পারটির একজন সমর্থক। পারটি ব্যানারে কমিটি নিয়োগ
করে রাজ্য সরকার যে দৃষ্টান্ত স্থাপন করেছেন শহরের ওয়াকিবহাল মহল
তাকে 'বেআইনী এবং গণতন্ত্রবিরোধী' কাজ বলে অভিহিত করেছেন। এই
মহলের মতে, নির্বাচিত পর্ষৎকে ক্ষমতাচ্যুত না করে বাতিল বলে ঘোষণা
করলে এবং নির্বাচন না হওয়া পর্যন্ত কোন বিশেষ রাজনৈতিক দলের সদস্যদের

(২য় পৃষ্ঠায় দ্রষ্টব্য)

## পুরসভার নির্বাচন চাই : এস ইউ সি

নিজস্ব সংবাদদাতা : জঙ্গিপুর পুরসভার নির্বাচিত পর্ষৎকে ক্ষমতাচ্যুত
করে মনোনীত কমিটি নিয়োগের প্রতিবাদে এস ইউ সি দল গণপ্রতিরোধ
গড়ে তোলার ডাক দিয়েছেন। ২৭ আগষ্ট রঘুনাথগঞ্জ সদরঘাটে অনুষ্ঠিত জন
সভায় তাঁরা অবিলম্বে পুরসভার নির্বাচন দাবি করেছেন। এই দাবির সমর্থনে
পারটির রঘুনাথগঞ্জ থানা লোকাল কমিটির সম্পাদিকা অনুরাধা মণ্ডল বলেন,
অবিলম্বে পুরসভার নির্বাচন চাই ; না হওয়া পর্যন্ত একটি একজিকিউটিভ
বডি নিয়োগ করা হোক। এস ইউ সি নেতা অচিন্ত্য সিংহ বলেন, সরকারের
এই সিদ্ধান্ত বেআইনী এবং অগণতান্ত্রিক। বামফ্রন্ট ক্ষমতায় আসার পর
কলকাতা বিশ্ববিদ্যালয়ের নির্বাচিত কমিটি বাতিল করেছেন, আইন করে সর-
কারের লেজুরবৃত্তি করার জন্য বিশ্ববিদ্যালয় দখল করেছেন, এক হাজার স্কুলের

(৩য় পৃষ্ঠায় দ্রষ্টব্য)

## ঘাটে পুলিশের লাঠি

নিজস্ব সংবাদদাতা, ২৯ আগষ্ট—জঙ্গিপুর গাড়ীঘাটে গণতান্ত্রিক যুব ফেডা-রেশনের মিছিলের উপর পুলিশের লাঠি চালনার ঘটনায় ১৪ জন ডি. ওয়াই এফ কর্মী অল্পবিস্তর জখম হয়েছেন। আহতদের মধ্যে একজনের অবস্থা আশঙ্কাজনক। প্রত্যক্ষদর্শীর বিবরণে পুলিশের রাইফেলের বাঁটে আহত মিঠি-পুরের ডি ওয়াই এফ কর্মী সারথিকুমার মুখারজি জানান, বিকেল দুটো নাগাদ তিনি ঘাটে গিয়ে মিছিলের লোকজন-দের পার করার জন্য মোটরবোট

(৩য় পৃষ্ঠায় দ্রষ্টব্য)

## বিপজ্জনক সড়ক-সেতু

সাগরদীঘি, ২৯ আগষ্ট—সুকি লিঙ্ক রোডের মনিগ্রামে একটি কাল-ভারট মাঝ বরাবর বসে গিয়ে যান-বাহন চলাচলের পক্ষে বিপজ্জনক হয়ে পড়েছে। ভয়ানক বিপদের ঝুঁকি নিয়ে এখান দিয়ে বাস, লরি ইত্যাদি চলাচল করছে। গ্রামবাসীরা জানিয়ে-ছেন, এ ব্যাপারে সড়ক বিভাগের দৃষ্টি আকর্ষণ করে কোন ফল হয়নি। উল্টে তাঁরা বিপদ আরো বাড়িয়ে

(শেষ পৃষ্ঠায় দ্রষ্টব্য)

## কলেজে ছাত্র ভর্তির সিদ্ধান্ত পরিবতন

জঙ্গিপুর, ২৯ আগষ্ট—১৫ আগষ্টের জঙ্গিপুর সংবাদে 'উর্বর মস্তিষ্কের অনুর্বর সিদ্ধান্ত' শীর্ষক সংবাদ প্রকাশের পর ২১ আগষ্ট কলেজের একটি জরুরী বৈঠকে ছাত্র ভর্তির সিদ্ধান্ত পরিবর্তন করা হয়েছে। বিভিন্ন ছাত্র সংগঠনের দাবি মেনে নিয়ে ওই বৈঠকে ২০২ জন ছাত্র ভর্তির সিদ্ধান্ত নেওয়া হয়েছে। কলা বিভাগে ১০০, বিজ্ঞান বিভাগে ৭২ ও বাণিজ্য বিভাগে ৩০ জন। সিদ্ধান্ত পরিবর্তনের ফলে মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ বহু ছেলেমেয়ে কলেজের একাদশ শ্রেণীতে ভর্তির সুযোগ

(শেষ পৃষ্ঠায় দ্রষ্টব্য)

## জেলার মেয়ে কাশ্মীরে পাচার, পরে উদ্ধার

বিশেষ প্রতিনিধি : সম্প্রতি কাশ্মীর থেকে মুর্শিদাবাদ জেলার দশটি মেয়েকে উদ্ধার করে নিয়ে আসা হয়েছে। বেলডাঙা, কান্দী ও বড়োঞা থানা এলাকা থেকে এদের পাচার করা হয়েছিল। এখনও সেখানে জেলার মেয়ে আছে বলে সন্দেহ করা হচ্ছে। ২২ আগষ্ট রঘুনাথগঞ্জ থানায় সাংবাদিকদের এ খবর দেন জেলার পুলিশ সুপার সুলতান সিং। রঘু-নাথগঞ্জ থানার গোপালনগর গ্রামে একদল সমাজবিরোধী মেয়ে পাচার করছে—জরুর গ্রাম পঞ্চায়েত প্রধানের এই অভিযোগের পরিপ্রেক্ষিতে পুলিশ সুপার ওই তথ্য জানান। সাংবাদিক-দের প্রশ্নের উত্তরে তিনি জানান, হাইওয়ে পেট্রল দৈনিক মাত্র আট লিটার তেল পায়। ওই তেলে ফরাক্কা পৌছান যায়, ফেরা যায় না। অপরাধীরা এ খবর জানে এবং সুযোগ বুঝে লরি কাটে।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

# জঙ্গিপুর সংবাদ

১২ই ভাদ্র বুধবার, ১৩৮৬।

## ফেরুপালের রণহুঙ্কার

রণবাদ্য বাজিয়াছে। ন্যক্কারজনক রণবাদ্য! দুয়ারে দুয়ারে তাবৎ জনসেবী আবার আসিবেন, আবার 'মা-ভাই- বোন'-এর গদগদ আলাপন শুনিতে পাওয়া যাইবে দেবকুল, দৈত্যকুলের শক্তিধরদের মুখে। হাঁ, তাঁহারা শক্তিধর অর্থাৎ কার্ত্তিকেয়—দেবসেনাপতি! না হইলে জনসাধারণকে নানা আশায় উদ্দীপ্ত করিয়া সংসদের স্বর্গোদ্যানে কেলি করেন কী করিয়া এবং নির্লজ্জতায় চরম শক্তিমান্ না হইলে যে দলের জন প্রতিনিধি হইয়া সংসদগৃহ আলোকিত করিয়া (ভবিষ্যতে পেনসন নামক বস্তুই মুখ্য) কি এক দুর্দমনীয় পিপাসা লইয়া, কাগজী আকর্ষণে উদবুদ্ধ স্ব-নির্বাচন কেন্দ্রের তাবৎ গণশক্তিকে অমর্যাদায় ভূষিত করিয়া দলত্যাগ নামক পন্থাবলম্বনে আখেরের ব্যবস্থা করিতে পারেন!

নির্বাচকমণ্ডলীর মস্তক কণ্ডূয়ন ছাড়া কোন্ গতি থাকে? '৭৭-এ যাঁহারা চীৎকারে মেদিনী কম্পিত করিয়া বলাইলেন—"বোলো, হামারা দল জন্‌তা দল"; '৭৯-তে তাঁহাদের একটি অংশ বলিবেন—"আভি বোলো, হামারা পার্টি জন্‌তা এস্"। শুধুই কি তাই? নির্বাচনের আগামী অকাল-বোধনে আবার কোটি কোটি টাকার 'ভূতের বাপের শ্রাদ্ধ' হইলেও কিছু বলিবার নাই। পৃথিবীর বৃহত্তম গণতান্ত্রিক দেশে নির্লজ্জ দলতন্ত্র ও দলত্যাগতন্ত্র মহামন্ত্র হইয়াছে এবং এই যে যাত্রা, তাহা গণতন্ত্রেরই মহাযাত্রা। প্রধান ভূমিকায় ক্ষমতালিপ্সু দলত্যাগীরা।

তাই বলিতেছিলাম, তথাকথিত সংসদ-আসনলোলুপ জনকল্যাণের ধোঁকাবাজদের পুনরাগমন হইবে জনগণের দুয়ারে দুয়ারে। কোন্ আশায়? 'আমাদের পাইয়ে দাও'—খোলা কথাই ত ভাল। সারা দেশের মানুষ আজ বেশ প্রস্তুত হইয়া আছেন সংসদ-আসনপ্রার্থীদের অর্থাৎ ঐ ভোট ভিখারীদের নয়া শ্লোগান শুনিবার জন্য।

তিন দশকের অধিককাল হইল ভারতের স্বাধীনতা প্রাপ্তির; দেশের দারিদ্র্য গেল না। ত্যাগস্বীকার, কঠোর শ্রমের আহ্বান বত্রিশ বছর শুনিয়া শুনিয়া কর্ণকুহর অসাড় হইয়াছে। ভারত এখনও হাত পাতিয়া আছে; এশীয়, ইউরোপীয় ক্ষুদ্র দেশও ভারতকে অর্থকর্জ দিতেছে। কর্জচুক্তি সম্পাদিত হইতেছে। দেশের অভ্যন্তরে টাকার ছিনিমিনি দেশের উন্নয়নকে বত্রিশ বৎসর পিছনে ফেলিতেছে। আগামী লোকসভার নির্বাচনে যে ত্রিশ-চল্লিশ কোটি টাকা খরচ হইবে তাহার উৎস কোথায়? অপ্রত্যাশিত এই বিরাট খরচ পরিণামে জনগণেরই স্কন্ধে পড়িবে। আমরা তদুত্তরে ত্যাগের মন্ত্রই শুনিব। যে উচ্চাকাঙ্ক্ষা ও ক্ষমতালাভের লড়াই এই দলত্যাগ প্রবণতার ইন্ধনস্বরূপ হইয়া আবার অসময়ে সপ্তম লোকসভা নির্বাচনকে অনিবার্য করিয়া তুলিল, সেই সব ভারতবত্ন জনদরদীরা এই ত্রিশ-চল্লিশ কোটি টাকা ভারত সরকারে অগ্রিম জমা দিয়া ভোটযুদ্ধে অবতীর্ণ হইতে পারেন কি? যদি না পারেন, তাঁহারা অনুগ্রহ করিয়া দেশের মানুষকে আর বিভ্রান্ত করিবেন না। দেশের এবং দশের যথেষ্ট উন্নয়ন তাঁহারা করিয়াছেন। হায় সংবিধান রচয়িতৃগণ! আপনারাও দলত্যাগীদের খেয়ালের খেলায় দেশের দুর্দৈব আসার কোন রক্ষাকবচ দিতে পারেন নাই।

## চিঠি-পত্র

(মতামত পত্রলেখকের নিজস্ব)

### অগ্নিকাণ্ডের তদন্ত দাবি

গত ৪ ৮-৭৯ তারিখে রাত্রে আমার খড়ের পালায় আগুন লাগিয়ে দেওয়া হয়। আমি বহুদিন হইতে কংগ্রেস (আই) এর একজন কর্মী। আমার মনে হয় আমার ক্ষতির জন্য এবং রাজনৈতিক উদ্দেশ্য সাধনের জন্য এই ন্যক্কারজনক ঘটনা ঘটিয়াছে। আমি সরকারের নিকট এই জঘন্য কাজের নিরপেক্ষ তদন্ত দাবী করিতেছি।

—বৃন্দাবন ভট্টাচার্য্য, তাঁতিবিল (সাগরদীঘি)।

## খেলার খবর

১৮ আগষ্ট রঘুনাথগঞ্জ ব্লক যুবকরণে মহকুমার খেলাধুলা সুষ্ঠভাবে পরিচালনার জন্য জঙ্গিপুর সাবডিভিসনাল রেফারি অ্যাসোসিয়েশন গঠিত হয়েছে। এই অ্যাসোসিয়েশন একটি ফুটবল রেফারিং-এর পরীক্ষার ব্যবস্থা করেছে। যাঁরা এই পরীক্ষা দিতে আগ্রহী তাঁদেরকে অবিলম্বে অ্যাসোসিয়েশনের সম্পাদক বাবলু ব্রহ্মের সাথে যোগাযোগ করতে অনুরোধ জানানো হয়েছে।

# জঙ্গিপুর পুরসভার নির্বাচিত পর্ষৎ ক্ষমতাচ্যুত, মনোনীত কমিটি নিয়োগ

(১ম পৃষ্ঠার পর)

মনোনীত কমিটি নিয়োগ না করে প্রশাসক নিয়োগ করলে কাজটি 'বিধিসম্মত' হত। এ ব্যাপারে মনোনীত কমিটির সভাপতি মৃগাঙ্ক ভট্টাচার্যের বক্তব্য, এটা রাজ্যপালের নির্দেশ, তাঁদের কিছু করার নাই। ১৭ আগষ্ট তারিখের ৬৮৩/সি ৪/এম ওয়ান এম-৪৭/৭৯ নম্বরের আদেশে বলা হয়েছে, 'যেহেতু জঙ্গিপুর পুরসভার কমিশনারদের ১৯৩২ সালের বঙ্গীয় পুরসভা আইনের ৫৬ ধারার ৫ উপধারা অনুসারে কার্যকাল উত্তীর্ণ হওয়ায় এবং যেহেতু রাজ্যপাল মনে করেন উক্ত পুরসভা পরিচালনার জন্য কমিশনারদের নতুন পর্ষৎ সঙ্গত সময়ের মধ্যে গঠনের সম্ভাবনা না থাকায় এবং যেহেতু রাজ্যপাল জনস্বার্থে এটাকে যথাযোগ্য বিবেচনা বোধে ১৯৩২ সালের বঙ্গীয় পুরসভা আইনের ৫৬(ক) ধারার ১ উপধারা অনুসারে তাঁর উপর ন্যস্ত ক্ষমতাবলে নিম্নলিখিত ব্যক্তিদের নিয়ে গঠিত একটি কমিটি নিয়োগ করলেন:— ১) নিমাই সেনগুপ্ত, দরবেশপাড়া, ২) মিহির হালদার, ম্যাকেঞ্জি পারক, ৩) নেপাল দাশগুপ্ত, ফাঁসিতলা, ৪) সবিতা ব্যানারজি, সদরঘাট, ৫) আঃ হাকিম গজনবি, বালিঘাটা, ৬) লখিন্দর মণ্ডল, ধনপতনগর, ৭) ডাঃ আনিসুর রহমান, সাহেববাজার, ৮) মৃগাঙ্ক ভট্টাচার্য, সাহেববাজার, ৯) উদয় সিংহ রায়, হরিসভা, ১০) ডাঃ সরোজ সিনহা, মহাবীরতলা, ১১) প্রশান্ত সিংহ রায়, ছোটকালিয়া, ১২) বৈদ্যনাথ দাস, বাবুবাজার, ১৩) শরীফ মণ্ডল, মণ্ডলপাড়া, ১৪) জয়নাল আবেদিন, বাবুবাজার, ১৫) আঃ হান্নান, গফুরপুর-মাঠপাড়া। উল্লিখিত কমিটির সদস্যরা জঙ্গিপুর পুরসভার কমিশনারদের মতই অভিহিত হবেন এবং উক্ত পুরসভার প্রশাসনের দায়িত্বভার গ্রহণ করবেন এবং ১৯৩২ সালের বঙ্গীয় পুরসভা আইনের শর্তানুসারে কার্য পরিচালনা করবেন। এবং রাজ্যপাল ওই আইনের ৫৬(ক) ধারার ৩ উপধারা অনুসারে উক্ত কমিটির সদস্য মৃগাঙ্ক ভট্টাচার্যকে কমিটির সভাপতি এবং অন্য একজন সদস্য নিমাই সেনগুপ্তকে সহ সভাপতি নিয়োগ করলেন।' ২৪ আগষ্ট চিঠিটি এসে পৌছলে প্রতিক্রিয়া শুরু হয়।

২৭ আগষ্ট জঙ্গিপুর পুরসভা ভবনে মনোনীত কমিটির সদস্যদের শপথ গ্রহণ করান জঙ্গিপুরের মহকুমা শাসক অসিতবরণ চক্রবর্তী। আর এস পি দলের বৈদ্যনাথ দাস (বাবুবাজার) বাদে প্রত্যেকে শপথ গ্রহণ করেন। শপথ গ্রহণের আগে বৈদ্যনাথবাবু লিখিতভাবে মহকুমা শাসককে জানিয়ে দেন যে, যেহেতু বিষয়টি দলের সিদ্ধান্তের বাইরে সেই হেতু তিনি শপথ নিচ্ছেন না।

আর এস পির রঘুনাথগঞ্জ ১নং ব্লক কমিটির সম্পাদক জাগ্রত রায় বলেন, আর এস পি মনে করে এটা অগণতান্ত্রিক, বামফ্রণ্টের শরীক দলের ও আপামর জনসাধারণের অপমান ছাড়া আর কিছুই নয়। আমরা আন্দোলনে নামছি। ফ্রণ্টের নাম ভাঙিয়ে এভাবে চলার অধিকার সি পি এমকে কে দিয়েছে?

সি পি এম-এর জঙ্গিপুর লোকাল কমিটির সম্পাদক মৃগাঙ্ক ভট্টাচার্য মনোনীত কমিটির সভাপতিরূপে শপথ গ্রহণের পর বলেন, গণতান্ত্রিক পদ্ধতিতে এই ব্যবস্থা নেওয়া হয়েছে। ফরওয়ার্ড ব্লকের সবিতা ব্যানারজি বলেন, ব্যবস্থাটি আইনসম্মত হয়েছে। এস ইউ সি দলের মতে, ব্যাপারটি সম্পূর্ণরূপে অগণতান্ত্রিক। বুদ্ধিজীবী মহলের মতে, প্রশাসক নিয়োগ করা উচিত ছিল। নির্ভরযোগ্য সূত্রের খবর, মনোনীত কমিটির সদস্য ফাঁসিতলার নেপাল দাশগুপ্ত নামে কোন লোকের অস্তিত্ব নাই, আছেন গৌরগোপাল দাশগুপ্ত। রেলের একজন পেনসনভোগী। ভোটার তালিকায় গৌ গোপাল দাশগুপ্ত নামটি আছে, নেপাল দাশগুপ্ত নাই। কাজেই নেপাল দাশগুপ্ত শপথ গ্রহণ করেন কিভাবে?

### অশালীন আবদার

ধুলিয়ান, ২৯ আগষ্ট--ধুলিয়ান গারলস স্কুলের ভেতর ঢুকে এলাকার এক শ্রেণীর লোক জল খায়, স্নান করে। তারা কারো বারণ শোনে না। পুলিশকে জানিয়েও কোন ফল হয় না। এক রকম বাধ্য হয়ে স্কুল কর্তৃপক্ষকে ওদের অশালীন আবদার সহ্য করতে হয় বলে অভিযোগ।

## লরি ছিনতাই

ধুলিয়ান, ২৯ আগষ্ট—২ আগষ্ট রাত নটা নাগাদ নবগ্রাম থানার আইড়া গ্রামের কাছে ৩৪নং জাতীয় সড়ক থেকে একটি নতুন লরি (নং এম এন পি ৭৪০) ছিনতাই হয়। জানা যায়, ছিনতাইকারীরা চালক ও খালাসিকে একটি গাছের সঙ্গে বেঁধে রেখে পাথরকুচি বোঝাই লরিটি ছিনতাই করে চম্পট দেয়। লরিচালক ও খালাসিকে উদ্ধার করা হয়েছে। লরির খোঁজ এখনও মেলেনি বলে লরির মালিক ধুলিয়ানের মোহনলাল জৈন জানিয়েছেন।

## পুরসভার নির্বাচন চাই

( ১ম পৃষ্ঠার পর )

নির্বাচিত কমিটি বাতিল করেছেন। বামফ্রন্টের সর্বশেষ আক্রমণ জঙ্গিপুর পুরসভার উপর। নির্বাচনের মাধ্যমে মৃগাঙ্কবাবুরা ক্ষমতায় এলে বলার কিছু ছিল না। যদি তাঁরা সত্যই মনে করে থাকেন পুরপতি এবং কমিশনাররা দুনীতিপরায়ণ, তবে কেন তদন্ত কমিশন বসালেন না? প্রমাণ করার দায়িত্ব সি পি এম এর। কিন্তু তা না করে নিজেরা ক্ষমতায় গেলেন। যাঁরা গ্রাম পঞ্চায়েতগুলিকে দুর্নীতির আখড়া করেছেন, তাঁদের মুখে কমিশনারদের দুনীতির কথা মানায় না। যে ধারায় কমিটি বাতিল বা নিয়োগের কথা বলা হয়েছে, সেই ধারায় বাতিল বা নিয়োগের সংস্থান নাই। তাছাড়া নির্বাচিত পর্ষৎ বাতিল করা হয়নি। জনসাধারণের ইচ্ছাকে পদদলিত করে তাঁরা ক্ষমতায় গিয়েছেন, মানুষ তা মেনে নিতে পারে না। তিনি বলেন, 'আমরা আগের পর্ষৎও চাই না, মনোনীত কমিটি নিয়োগও মেনে নিতে পারি না। আমরা চাই অবিলম্বে পুরসভার নির্বাচন। শহরের বিশিষ্ট নাগরিকরা ওয়ারডে ওয়ারডে গণকমিটি গঠন করে আন্দোলন চালান।'

## ঈদ মোটামুটি শান্তিপূর্ণ

নিজস্ব সংবাদদাতা : সুতী থানার নুরপুর, সামসেরগঞ্জ থানার বাহালনগর ও রঘুনাথগঞ্জ থানার জাগনপাড়ায় কয়েকটি অপ্রীতিকর ঘটনা ছাড়া ২৫ আগষ্ট এবারের ঈদলফেতর উৎসব মহকুমায় মোটামুটি শান্তিপূর্ণভাবে উদ্‌যাপিত হয়েছে বলে পুলিশ সূত্রে খবর পাওয়া গিয়েছে। পবিত্র উৎসব উপলক্ষে মহকুমার সর্বত্র বিপুল আনন্দ ও উদ্দীপনা পরিলক্ষিত হয়। কোন কোন জায়গায় বাজি পোড়াতেও দেখা যায়।

## অল্পের জন্য রক্ষা

সাগরদীঘি, ২৯ আগষ্ট—কয়েকদিন আগে অণ্ডাল—আজিমগঞ্জ প্যাসেঞ্জার ট্রেনটি অল্পের জন্য দুর্ঘটনার হাত হতে রক্ষা পেয়েছে। সাগরদীঘি ও মোরগ্রাম ষ্টেশনের মাঝে বেলখড়িয়া লেভেল ক্রশিং এর কাছে ফিসপ্লেট এবং লোহা চুরির ফলে এই বিপত্তি ঘটে বলে জানা যায়। লোহাচোর অবশ্য বামাল ধরা পড়েছে। ফরাক্কা পুলিশ সম্প্রতি রেলের এক লরি চোরাই লোহা আটক করেছে। ফরাক্কা রেল কলোনী থেকে ওই লোহা পাচার করা হচ্ছিল বলে পুলিশ জানিয়েছে।

## ঘাটে পুলিশের লাঠি

( ১ম পৃষ্ঠার পর )

তৈরী রাখার অনুরোধ জানান। ঘাটের লোকেরা রাজী হন। ইতিমধ্যে মিছিল এসে পড়ে। একজন লোক কটূ মন্তব্য করে এবং লাঠি তোলে। প্রতিবাদ করলে সে পুলিশ নিয়ে আসে। পুলিশ বিনা প্ররোচনায় মিঠিপুর গ্রাম পঞ্চায়েত প্রধানের উপর লাঠি চারজ করে। এলাকার সমাজবিরোধীরা একত্রিত হয়ে লাঠি নিয়ে মিছিলের লোকজনদের আক্রমণ করে। পুলিশের সঙ্গে একযোগে তারা লাঠি চালাতে শুরু করে। লাঠি ছাড়াও পুলিশ রাইফেলের বাঁট দিয়ে মারতে থাকে। মানস পাণ্ডে মাটিতে লুটিয়ে পড়েন। তাঁকে উদ্ধার করতে গিয়ে পুলিশের রাইফেলের বাঁটের আঘাতে সারথি মুখারজি আহত হন এবং জ্ঞান হারান।

মহকুমা শাসক অসিতবরণ চক্রবর্তী জানান, বিকেল তিনটে নাগাদ তাঁর অফিসে ডি ওয়াই এফ-এর ডেপুটেশন দেওয়ার কথা ছিল। তিনি তাঁদের জন্য অপেক্ষা করছিলেন। বিকেল আড়াইটা নাগাদ তিনি গণ্ডগোলের খবর পেয়ে ঘটনাস্থলে যান। গিয়ে শোনেন কিছু লোক জখম হয়েছেন।

পুলিশ জানায় মিছিলের ডি ওয়াই এফ, লোকেরা জোর করে মোটরবোটে পার হওয়ার চেষ্টা করলে গণ্ডগোলের সূত্রপাত হয়। খবর পেয়ে জঙ্গিপুর ফাঁড়ি থেকে পুলিশ এলে মিছিলের লোকেরা পুলিশকে আক্রমণ করে। তখন পুলিশ লাঠি চালায়। মিছিলের লোকদের আক্রমণে একজন হাবিলদার ও চারজন কনসটেবল জখম হন।

ডি ওয়াই এফ-এর পক্ষ থেকে গতকালের ঘটনার নিন্দা জানিয়ে দোষী কনসটেবলদের শাস্তি দাবি করা হয়েছে।

## শিক্ষক আবশ্যক

বাড়ালা রামদাস সেন হাই স্কুল ( পোঃ বাড়ালা, মুর্শিদাবাদ ) এর জন্য নিম্নলিখিত বিষয়ে অস্থায়ী আংশিক সময়ের শিক্ষক আবশ্যক।

১) বাংলা—এম এ/ ব এ (অনার্স)

২) এম কম/বি কম (অনার্স)

সম্পাদকের নিকট ১০-৯-৭৯ তারিখের মধ্যে দরখাস্ত করিতে হইবে এবং ১৭-৯-৭৯ তারিখ বেলা ১১টায় প্রার্থীদের সাক্ষাৎকার লওয়া হইবে।

## ১৩৮৫ সালের দরবেশপাড়া সার্ব্বজনীন শ্রীশ্রীদুর্গামাতা ও লক্ষ্মীমাতার পূজার হিসাব

| | |
|---|---|
| মোট আয় :— | |
| নগদ— | ১৩২৫-৫০ পয়সা |
| বকেয়া আদায়— | ১২৪-০০ ,, |
| মোট— | ১৪৪৯-৫০ পয়সা |
| মোট ব্যয় :— | |
| প্রতিমা— | ৩৭৫-০০ |
| ✓ষষ্ঠী থেকে দশমী ও লক্ষ্মীপূজোর বাজার খরচসহ— | ৬৩৪-৬৬ |
| মুদিখানা | ১৯০-৭৬ |
| মন্দির রং ও মেরামত— | ১৫-০০ |
| ইলেকট্রিক— | ৫০-০০ |
| প্রতিমা নিরঞ্জন ইত্যাদি— | ১৮৪-৫০ |
| বিল ছাপাই— | ৩০-২৫ |
| মোট— | ১৪৮০-১৭ |
| মোট আদায়— | ১৪৪৯-৫০ পঃ |
| ,, ব্যয়— | ১৪৮০-১৭ ,, |
| গত বৎসরের ঘাটতি— | ৩০-৬৭ ,, |

( ত্রিশ টাকা সাতষট্টি পয়সা মাত্র )

তৎসহ জনসাধারণের জ্ঞাতার্থে জানানো যাইতেছে যে, এই হিসাব পরবর্তী বৎসরের সভাপতির কাছে দেওয়ার চিরাচরিত নিয়ম জেনে আমরা বর্ত্তমান বৎসরের হঠাৎ ডাকা কতিপয় যুবকের সভায় নির্বাচিত সভাপতি শ্রদ্ধেয় শ্রীপীতাম্বর সাহাকে হিসাব দিতে গেলে তিনি পাড়ার বর্ত্তমান অস্থির পরিস্থিতিতে একা হিসাব নিতে অস্বীকার করায়, পকেট থেকে আরো গচ্চা দিয়ে সর্ব্বসাধারণের জ্ঞাতার্থে আমরা স্থানীয় পত্রিকায় উপরোক্ত হিসাব দিলাম।

—শ্রীবৈদ্যনাথ চট্টোপাধ্যায় ( বেণু ), শ্রীসন্তোষকুমার আগরওয়ালা—যুগ্ম-সম্পাদক ও শ্রীবামাপদ দাস—কোষাধ্যক্ষ, দরবেশপাড়া দুর্গা ও লক্ষ্মীপূজা কমিটি ১৩৮৫।

( হিসাব পরীক্ষক দ্বারা পরীক্ষিত )

## নতুনগঞ্জে ডাকাতি

রঘুনাথগঞ্জ, ২৯ আগষ্ট—গতকাল রাত্রে এই থানার নতুনগঞ্জ গ্রামের সুনীল ভট্টাচার্যের বাড়ীতে একদল সশস্ত্র ডাকাত হানা দিয়ে বোমা ফাটায় এবং দামী জিনিসপত্র লুঠ করে। ডাকাতরা গৃহস্বামীকে বেঁধে মারধোর করে বলেও অভিযোগ।

## শোক সংবাদ

অবসরপ্রাপ্ত প্রবীণ শিক্ষক বিনয়-গোপাল ঘোষ ২৪ আগষ্ট তাঁর রঘুনাথগঞ্জ বাসভবনে পরলোকগমন করেছেন। তিনি নিঃসন্তান ছিলেন।

## মেসিন বিক্রয়

সম্পূর্ণ চালু অবস্থায় একটি 26-H. P Black Stone এবং একটি 24 H. P. Ruston Engine বিক্রয় আছে। ক্রয় ইচ্ছুক ব্যক্তিগণ নিম্নলিখিত ঠিকানায় যোগাযোগ করুন।

—বিশ্বনাথ ভট্টাচার্য্য, পোঃ+গ্রাম তাঁতিবিরল, জেলা মুর্শিদাবাদ।

## বাড়ী বিক্রয়

সাগরদীঘি বাজারে রেল ষ্টেশনের সন্নিকটে সদর রাস্তার ধারে ছয় শতক জায়গার উপর একটি দ্বিতল পাকা বাসগৃহ বিক্রয় আছে। বিদ্যুৎ ও পায়খানার সুবিধা আছে। সরকারী কিংবা বেসরকারী অফিসের জন্যও ব্যবহার করা যাইতে পারে। যোগাযোগের ঠিকানা—সম্পাদক, জঙ্গিপুর সংবাদ, পোঃ রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ)।

সকলের প্রিয় এবং
বাজারের সেরা
**ভারত বেকারীর**
প্লাইজ ব্রেড
মিয়াপুর * ঘোড়শালা
মুর্শিদাবাদ

**ক্যালকাটা সাইকেল ষ্টোর**
( জগন্নাথের সাইকেলের দোকান )
রঘুনাথগঞ্জ ফুলতলা ( মুর্শিদাবাদ )
বাজার অপেক্ষা সুলভে সমস্ত প্রকার সাইকেল, রিক্সা স্পেয়ার পার্টস বিক্রয় ও মেরামতির নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

সবার প্রিয় চা—
**চা ভাণ্ডার**
রঘুনাথগঞ্জ সদরঘাট
ফোন—১৬

বহরমপুর—ফরাক্কা ও
বহরমপুর—রঘুনাথগঞ্জ ভায়া
সাগরদীঘি রুটে স্বাচ্ছন্দ্যে যাতায়াতের
জন্য নির্ভরযোগ্য বাস
**নেশার বাস সারভিস**
( ভারতের যে কোন স্থানে ভ্রমণের জন্য রিজারভ দেওয়া হয় )

### বিপজ্জনক সড়ক-সেতু

( ১ম পৃষ্ঠার পর )

তুলেছেন। কয়েকদিন আগে বিধ্বস্ত ওই সেতুতে মাটি ভরাট করে গ্রামের জল নিষ্কাশনের পথ তাঁরা অবরুদ্ধ করেছেন। এখন বৃষ্টি হলেই গ্রামের রাস্তা ডুবছে, গ্রামবাসীদের দুর্ভোগ বাড়ছে।

### পুলিশ তাকে ধরে আনবে

( ১ম পৃষ্ঠার পর )

জঙ্গিপুরের এম এল এ হাবিবুর রহমান অভিযোগ করেন, পুলিশের চোখের সামনে সি পি এম-এর অকথ্য অত্যাচারে রঘুনাথগঞ্জ ২নং ব্লকের বড়শিমুল-দয়ারামপুর গ্রাম পঞ্চায়েতে সন্ত্রাসের রাজত্ব কায়েম হয়েছে। প্রাণ-ভয়ে ভীত ইন্দিরা কংগ্রেস সমর্থকরা সি পি এম-এর কাছে আত্মসমর্পণ করেছে। কয়েকটি পরিবার গ্রাম ছেড়ে চলে যেতে বাধ্য হয়েছে।

সি পি এম-এর জঙ্গিপুর লোকাল কমিটির সম্পাদক মৃগাঙ্ক ভট্টাচার্য বলেন, হাবিবুর রহমানের বক্তব্য এক-তরফা। আতঙ্কের কোন কারণ নাই।

পুলিশ সুপার প্রত্যেকের অভি-যোগ লিপিবদ্ধ করেন এবং অভিযোগ-গুলি সম্পর্কে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে পঞ্চায়েতগুলিকে জানিয়ে দেওয়া হবে বলে প্রতিশ্রুতি দেন। সীমান্ত এলাকায় পাচার রোধে তিনি প্রতি-রোধ গড়ে তোলার পরামর্শ দেন।

পুরসভার পুরপতি এবং কমি-শনারদের সঙ্গে আলোচনার সময় তিনি বলেন, জেলার অন্যান্য পুরসভার তুলনায় জঙ্গিপুর পুরসভা অনেক ভালো—পরিষ্কার-পরিচ্ছন্ন। এই শহরকে মধুচক্রের হাত থেকে রক্ষার জন্য তিনি রঘুনাথগঞ্জ থানার ওসিকে পাণ্ডাদের নামের তালিকা সংগ্রহ করে পাঠাবার নির্দেশ দেন। ২৪ আগষ্ট তিনি সামসেরগঞ্জ থানায় অনুষ্ঠিত অনুরূপ একটি বৈঠকে যোগ দেন।

### মদসহ মহিলা ধৃত

ধুলিয়ান, ২৯ আগষ্ট—সম্প্রতি আবগারী বিভাগের তৎপরতায় সাম-সেরগঞ্জ থানার বাসুদেবপুর, সুতী থানার আলমপুর ও সুজানপাড়া এবং ফরাক্কা থানার বিভিন্ন গ্রামে তল্লাসি চালিয়ে একজন মহিলাসহ দশজনকে গ্রেপ্তার করা হয়েছে এবং ১২ লিটার মদ, ৩৩০ কেজি মহুয়ার জব ও চোলাই মদ তৈরীর কিছু সরঞ্জাম উদ্ধার ও আটক করা হয়েছে বলে জানা গেছে।

### সিদ্ধান্ত পরিবর্তন

( ১ম পৃষ্ঠার পর )

পাবে। অভিভাবকরা এতে আশ্বস্ত হয়েছেন বলে খবর পাওয়া গিয়েছে। অপরদিকে প্রাতঃ বিভাগ চালুর চেষ্টা ছাত্র আন্দোলনের ফলে ব্যর্থ হয়েছে বলে জানা গিয়েছে। শিক্ষক নিয়োগের দাবিতে আজ থেকে বাণিজ্য বিভাগ বর্জন আন্দোলন শুরু হয়েছে।

সংবাদদাতা জানিয়েছেন, কলেজে জুলজি বিভাগের অধ্যাপকের পদ এক বছর ধরে শূন্য থাকার ফলে বিগত একাদশ ক্লাসে একদিনও জুলজির ক্লাস হয়নি। বায়ালজির যে দু’জন অধ্যাপককে জুলজি পড়াবার দায়িত্ব দেওয়া হয়, তাঁরা নাকি ওই বিষয় পড়াতে অক্ষম বলে জানান। প্রকাশ, তাঁরাই নাকি আবার পার্ট টাইম শিক্ষক হিসেবে জঙ্গিপুর ও অন্য স্কুলে জুলজি পড়িয়েছেন ১৯৭৬ এর ডিসেম্বর থেকে ১৯৭৮ সালের মারচ পর্যন্ত। প্রশ্ন উঠেছে, তাঁরা যদি জুলজি বিষয়ে অনভিজ্ঞ হন, তাহলে কি করে কাউন-সিলের পরীক্ষক হিসেবে বিভিন্ন কলেজের সেন্টারে প্র্যাকটিক্যাল পরীক্ষায় একসটারনাল হিসেবে নিযুক্ত হন?


প্রকাশের পথে

শারদীয়া জঙ্গিপুর সংবাদ/১৩৮৬

মূল্য দু’টাকা ॥ বাৎসরিক গ্রাহকদের জন্য দেড় টাকা ॥

এজেন্ট কমিশন ৩০%

বিজ্ঞাপনদাতারা সত্বর যোগাযোগ করুন।






রঘুনাথগঞ্জ ( পিন—৭৪২২২৫ ) পণ্ডিত-প্রেস হইতে

অনুত্তম পণ্ডিত কর্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।



Godrej

*“The quality is never an accident,*
*But it is always the result of an important efforts”*

উক্তিটির সার্থক রূপকার গোদরেজ। গোদরেজের ষ্টীল আলমারী, অফিস আসবাব এবং রেফ্রিজেরেটর ও টাইপরাইটার এখন ষ্টীলজগতের এক এবং অনন্য। আপনার মনের মত সেরা জিনিসটি আপনি পছন্দ করে নিয়ে যান আমাদের শো-রুম থেকে।



★ এক এবং অনন্য পরিবেশক—



মেঃ ভকত ভাই প্রাঃ লিঃ

বোলপুর ★ বীরভূম

পিন : ৭৩১২০৪

ফোন নং ২৪১